

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৯১৯

পর্ব-৬: যাকাত (১১১ الزكاة)

পরিচ্ছেদঃ ৬. দ্বিতীয় অনুচ্ছেদ - সদাকার মর্যাদা

আরবী

وَعَن عَائِشَة إِنَّهُمْ ذَبَحُوا شَاةً فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «مَا بَقِيَ مِنْهَا؟» قَالَتْ: مَا بَقِي مِنْهَا إِلَّا كَتَفْهَا قَالَ: «بَقِي كُلْهَا غير كَتَفْها» . رَوَاهُ التِّرْمِذِيِّ وَصَحَحَهُ

বাংলা

১৯১৯-[৩২] 'আয়িশাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একবার সাহাবীগণ (অথবা তাঁর পরিবারবর্গ) একটি বকরী যাবাহ করলেন। (মাংস (মাংস/গোসত) বন্টনের পর) নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম জিজ্ঞেস করলেন, এর আর কী বাকী আছে? 'আয়িশাহ্ (রাঃ) বললেন, একটি বাহু ছাড়া আর কিছু নেই। তিনি (সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম) বললেনঃ এর ঐ বাহুটি ছাড়া আর সবই বাকী আছে। (তিরমিযী; তিনি বলেন, এ হাদীসটি সহীহ।)[1]

ফুটনোট

[1] সহীহ : আত্ তিরমিয়ী ২৪৭০, সিলসিলাহ্ আস্ সহীহাহ্ ২৫৪৪, সহীহ আত্ তারগীব ৮৫৯।

ব্যাখ্যা

ব্যাখ্যা: রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সাহাবীগণ বা তাঁর পরিবারবর্গ একটি ছাগল যাবাহ করার পর সেটির একটি বাহু ছাড়া বাকী সকল গোশ্ত (গোশত/গোস্ত/গোসত) সদাকাহ্ (সাদাকা) করা হয়ে গেলে রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম 'আয়িশাহ্ (রাঃ)-কে জিজ্ঞেস করলেন, ছাগলটির কোন অংশ বাকী আছে? উত্তরে 'আয়িশাহ্ (রাঃ) বললেন, একটি বাহু বাকী আছে, যা সদাকাহ্ (সাদাকা) করা হয়নি। এ উত্তর শুনে রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, ছাগলটির যা সদাকাহ্ (সাদাকা) করা হয়েছে তাই মূলত আল্লাহর নিকট বাকী (জমা) আছে। আর যা তোমার নিকট জমা আছে অর্থাৎ সদাকাহ্ (সাদাকা) করনি তা আসলে বাকী নেই। এ বক্তব্যের সমর্থনে মহান আল্লাহ তা'আলার বাণী দেখতে পাওয়া যায় যেখানে আল্লাহ তা'আলা বলেনঃ

مَا عِنْدَكُمْ يَنْفَدُ وَمَا عِنْدَ اللّهِ بَاقِ



"তোমাদের নিকট যা আছে তা নিঃশেষ হবে এবং আল্লাহর নিকট যা আছে তা স্থায়ী।" (সূরাহ্ আন্ নাহল ১৬ : ৯৬)

আল্ মুন্যিরী বলেন, এ হাদীসের অর্থ হলো, সাহাবীগণ ছাগলটির সকল কিছুই দান করেছেন শুধু এর বাহুটি (যা জমা আছে) ছাড়া।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন